

কলকাতা ভ্রমণ আনন্দময় করতে ইউএস-বাংলার আকর্ষণীয় প্যাকেজ

- A Monitor Desk Report

Date: 23 August, 2023



ঢাকা : কলকাতা ভ্রমণকে আনন্দময় করতে ২ রাত ৩ দিনের হলিডে প্যাকেজ ঘোষণা করেছে ইউএস-বাংলা এয়ারলাইন্স। প্যাকেজের ন্যূনতম খরচ জনপ্রতি ১৯ হাজার ৫৯০ টাকা। বর্তমানে ইউএস-বাংলা প্রতিদিন ঢাকা থেকে ২ বার ও চট্টগ্রাম থেকে ১ বার কলকাতায় ফ্লাইট পরিচালনা করছে।

বুধবার (২৩ আগস্ট) এক সংবাদ বিজ্ঞপ্তিতে ইউএস-বাংলা এয়ারলাইন্স জানায়, কলকাতায় ভ্রমণকারী যাত্রীদের পছন্দ অনুযায়ী প্রতিদিন ঢাকা থেকে সকাল ১০টা ১৫ মিনিটে এবং বিকেল ৫টা ১৫মিনিটে কলকাতার উদ্দেশ্যে ছেড়ে যায় এবং স্থানীয় সময় যথাক্রমে সকাল ১০টা ৪৫ মিনিট ও বিকেল ৫টা ৪৫ মিনিটে কলকাতায় অবতরণ করে। পুনরায় কলকাতার স্থানীয় সময় বেলা সাড়ে ১১টা ও সন্ধ্যা সাড়ে ৬টায় ঢাকার উদ্দেশ্যে ছেড়ে আসে এবং ঢাকায় দুপুর ১টা ও রাত ৮টায় অবতরণ করে।

এছাড়া প্রতিদিন বেলা ১১টা ১৫ মিনিটে চট্টগ্রাম থেকে কলকাতার উদ্দেশ্যে ছেড়ে যায় এবং কলকাতার স্থানীয় সময় সকাল ১১টা ৪০ মিনিটে অবতরণ করে। পুনরায় কলকাতা থেকে দুপুর ১২টা ৪০ মিনিটে চট্টগ্রামের উদ্দেশ্যে ছেড়ে দুপুর ২টা ১০ মিনিটে অবতরণ করে।

বর্তমানে বাংলাদেশি পর্যটকদের কলকাতার বিভিন্ন আকর্ষণীয় গন্তব্যে ভ্রমণের প্রবণতা দেখা যায়। পর্যটকদের ভ্রমণকে আরও আকর্ষণীয় করতে ইউএস-বাংলা এয়ারলাইন্স কলকাতায় ট্যুর প্যাকেজ ঘোষণা করেছে। অফারটি এবছরের ৩০ সেপ্টেম্বর পর্যন্ত কার্যকর থাকবে।

আরও পড়ুন: [মালদ্বীপের নীলাভ সৌন্দর্য উপভোগে ইউএস-বাংলার প্যাকেজ ঘোষণা](#)

অফারের অন্তর্ভুক্ত হোটেলগুলোর মধ্যে কলকাতার অত্যন্ত জনপ্রিয় হোটেল কর্পোরেট, হোটেল কম্পটন, হোটেল পিয়ারলেস ইন, হোটেল কেনিলওর্থ রয়েছে। প্যাকেজটি দুই রাত তিন দিনের জন্য প্রযোজ্য। অফারটি প্রাপ্ত বয়স্ক দুইজন পর্যটকের জন্য প্রযোজ্য হবে। প্যাকেজে সকল প্রকার ট্যাক্সসহ ঢাকা-কলকাতা-ঢাকা রিটার্ন এয়ার টিকিট সহ বুফে ব্রেকফাস্ট অন্তর্ভুক্ত রয়েছে। শর্তসাপেক্ষে অতিরিক্ত রাত ও বাচ্চাদের জন্য প্যাকেজটিতে সংযুক্ত করার সুযোগ রয়েছে। প্যাকেজটি সংগ্রহ করতে কোনো ধরনের অতিরিক্ত চার্জ ছাড়াই ৬ মাসের ইএমআই সুবিধা দিচ্ছে

ইউএস-বাংলা এয়ারলাইন্স।

আকর্ষণীয় এ অফারটি ইউএস-বাংলা এয়ারলাইন্সের যেকোনো নিজস্ব সেলস্ কাউন্টার ও হলিডে অফিস থেকে সংগ্রহ করা যাবে।

কলকাতার হলিডে প্যাকেজ অফারটি সম্পর্কে বিস্তারিত জানতে ইউএস-বাংলার সকল সেলস কাউন্টারে অথবা ০১৭৭৭৭৭৮৮১-৮৮৩ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

-B